মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে মহান স্বাধীনতা দিবস।

আজ বৃহস্পতিবার প্রত্যুষে মেহেরপুর সার্কিট হাউজ প্রাঙ্গণে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। এরপর সূর্যোদয়ের সাথে সাথে শহরের কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দিন খান, পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায় এবং জেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক শামসুল আলম সোনাকে সঙ্গে নিয়ে জেলা প্রশাসনের পক্ষে সর্বপ্রথম শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ করেন।

এরপর পর্যায়ক্রমে মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজ উদ্দিন খান, জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, জেলা মুক্তিযোদ্ধা সংসদের পক্ষে আহ্বায়ক শামসুল আলম সোনা, স্বাস্থ্য বিভাগের পক্ষে সিভিল সার্জন ডা. আবু সাঈদ, জেলা পরিষদের পক্ষে প্রশাসক জাবেদ মাসুদ মিল্টন, পৌরসভার পক্ষে প্রশাসক পার্থ প্রতিম শীল, গণপূর্ত বিভাগের পক্ষে এস এম রফিকুল হাসান, মেহেরপুর সরকারি কলেজের পক্ষে অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবির, র্যাবের পক্ষে আব্দুল্লাহ আল মামুন পুষ্পমাল্য অর্পণ করেন।

এছাড়াও সদর উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সঞ্জীব মৃধা, সড়ক ও জনপদ বিভাগের উপসহকারী প্রকৌশলী মিজানুর রহমান, সমবায় অফিসের কর্মকর্তা এনামুল হক, যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ওবায়দুল বাশার, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ মুহা. আব্দুল্লাহ আল আমিন, মেহেরপুর পৌর কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফয়েজ উদ্দিনসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

পুষ্পস্তবক অর্পণ শেষে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

সকাল ৯টায় স্টেডিয়াম মাঠে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। এছাড়া দিনের

বিভিন্ন সময়ে আলোচনা সভা, উন্নতমানের খাবার পরিবেশন, প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করা হয়েছে।

আলমডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উৎযাপন

আলমডাঙ্গায় যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত হয়েছে। সূর্যোদয়ের সাথে সাথে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচীর শুভ সুচনা করা হয়।

গতকাল মঙ্গলবার সকালে সরকারী ও বেসরকারী ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ৯টায় শহীদ মুক্তিযোদ্ধা মাজারে পুস্পমাল্য অর্পন শেষে আলমডাঙ্গা শহীদ মুক্তিযোদ্ধা মাজারে, ফাতেহা পাঠ ও মুনাজাত করা হয়। এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার, বীরমুক্তি যোদ্ধা এ্যাডঃ আব্দুর রশিদ, বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী, বীর মুক্তিযোদ্ধা, বীর মুক্তিযুদ্ধা ডাঃ শাহাবুদ্দিন, বীর মুক্তিযুদ্ধা মতিউর রহমান, বীর মুক্তিযোদ্ধা আলতাব হোসেন, বীর মুক্তিযোদ্ধা শফিউদ্দিন, বীর মুক্তিযোদ্ধা শফিউর রহমান জোয়ার্দার,বীর মুক্তিযোদ্ধা ওয়াজেদ আলী,বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহমান ধুনা, বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক,উপজেলা সহকারি কমিশনার ভুমি আশিষ কুমার বসু, ওসি বানি ইসরাইল, উপজেলা প্রকৌশলী তাওহিদ, শিক্ষা অফিসার আলাউদ্দিন, জনস্বাস্থ প্রকৌশলী আব্দুর রশিদ,মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক প্রমুখ।এছাড়াও পুস্পমাল্য অর্পন করেন আলমডাঙ্গা উপজেলা বিএনপি, উপজেলা জামায়াতে ইসলামী, সরকারি কলেজ, মহিলা কলেজ, ওজোপাডিকো, এমসবেদ আলী মাধ্যমিক বিদ্যালয়,মাধ্যমিক বালিকা বিদ্যালয়, পল্লিবিদ্যুত, আলমডাঙ্গা থানা,সরকারি স্কুল, পৌর সভা, উপজেলা বিএনপি,পৌর বিএনপি, যুবদল, ছাত্রদল,শ্রমিক দল,স্বেচ্ছা সেবক দল সহ বিভিন্ন সামাজিক সংগঠন।

বেলা ১০ টায় উপজেলা মঞ্চে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা ও আলোচনা সভা

অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার । উপজেলা ভুমি অফিসের মাজেদুর রহমানের উপস্থাপনায় বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা এম সবেদ আলী, বীর মুক্তিযুদ্ধা শফিউর রহমান জোয়ার্দার, বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাবুদ্দিন আহমেদ শাবু, বীর মুক্তিযোদ্ধা শফিউদ্দিন,উপজেলা সহকারি কমিশনার ভুমি আশিষ কুমার বসু, থানার অফিসার ইনচার্জ বানি ইসরাইল।আরও উপস্থিত ছিলেন সাবেক মুক্তিযোদ্ধা বৃন্দ, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাবেক সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাবেক সাধারণ সম্পাদক,বীর মুক্তিযোদ্ধা আব্দুল কাদের, সমাজ সেবা কর্মকর্তা সাজ্জাদ হোসেন, উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দিন,প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ মাহমুদুলহক, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক,মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত,আইসিটি কর্মকর্তা মোস্তাফিজুর রহমান, জনস্বাস্থ প্রকৌশলী আব্দুর রশিদ, ভিডিপি কর্মকর্তা প্রমুখ।

অন্যদিকে আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে সকাল ৮টায় দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলন ও শহীদ জিয়ার প্রতিকৃতিতে মাল্যদান শেষে র্যালি সহকারে শহীদ মাজারে গিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন।এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি আক্তার হোসেন জোয়ার্দার, সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, পৌর বিএনপি’র সভাপতি আজিজুর রহমান পিন্টু,সাধারন সম্পাদক জিল্লুর রহমান ওল্টু,যুবদলের আহবায়ক মীর উজ্জল, যুগ্ম আহবায়ক রফিকুল ইসলাম, পৌর যুবদলের, যুগ্ম আহ্বায়ক খন্দকার আব্দুল কাদের, স্বেচ্ছাসেবক দলের আহবায়ক এমদাদ হোসেন, শ্রমিক দলের নেতা আইনাল হক, ছাত্রদলের নেতৃবৃন্দ। পরে দলীয় অফিসে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন, আলমডাঙ্গা পৌর বিএনপি’র সভাপতি আজিজুর রহমান পিন্টু। সাংগাঠনিক সম্পাদক আনোয়ার হোসেনের উপস্থাপনায় বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি’র ভারপ্রাপ্ত সভাপতি আক্তার হোসেন, সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, উপজেলা বিএনপি’র সাংগাঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, পৌর বিএনপি’র সাংগাঠনিক সম্পাদক কাজী আলী আসগার সাচ্চু, সাংগঠনিক সম্পাদক মোঃ রাশেদুল ইসলাম, সহ-সাংগাঠনিক সম্পাদক খন্দকার হাসিবুল ইসলাম,যুগ্ম সম্পাদক মাহবুবুল হক মাষ্টার,মখলেছুর রহমান মিলন,আসিফ আল নুর, নির্বাহী সদস্য খন্দকার রুবায়েত ফেরদৌস বাপ্পি, উপজেলা যুবদলের আহবায়ক মীর

আসাদুজ্জামান উজ্জল, সদস্য সচিব রফিকুল ইসলাম, পৌর যুবদলের যুগ্ম আহবায়ক খন্দকার আব্দুল কাদের, যুগ্ম আহবায়ক নাজিম মোল্লা, উপজেলা ছাত্রদলের আহবায়ক তন্ময়, কুমারী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মাহবুবুল হক, বেলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আমজাদ হোসেন,বেলগাছি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক কামাল হোসেন, খাসকররা ইউনিয়ন বিএনপি সভাপতি আব্দুর রশিদ প্রমুখ।অন্যদিকে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে হারদী ইউনিয়ন যুবদল নেতা তৌসিফ খান এবং আল-আমিন হিমেল এর নেতৃত্বে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধান্জলী, দোয়া মাহফিল এবং পুস্পস্তব অর্পন করা হয়। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন হারদী যুবদল নেতা সন্দীপ,শরিফুল, কালাম, জামাল উদ্দিন সহ আরও অনেকে।হাটবোয়ালিয়া বিএনপি ও হাটবোয়ালিয়া স্কুলের উদ্যোগে মহান বিজয় দিবস পালিত হয়েছে । অন্যদিকে আলমডাঙ্গা সরকারি কলেজ কর্তৃক আয়োজিত ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযথ মর্যাদার সাথে উদযাপিত হয়। এই দিবসটি উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালি আলোচনা সভা, পুরুষ্কার বিতরণী ও দোয়া মাহফিল আয়োজন করা হয়। দিনটিকে সামনে সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয় ।অধ্যক্ষ প্রফেসর ডক্টর মো: মফিজুর রহমানের সভাপতিত্বে, অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক ডক্টর মহবুব আলম।

অনুষ্ঠানের শুরুতে কোরান থেকে তেলোয়াত করেন প্রভাষক জামালউদ্দিন এবং গীতা থেকে পাঠ করেন প্রভাষক পলি রানি সিনহা। শুভেচ্ছা বক্তব্য রাখেন ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা কমিটির আহ্বায়ক সহকারী অধ্যাপক মহিতুর রহমান। দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে আলোচনা করেন সহকারী অধ্যপক মোহা: আব্দুল মোনয়েম, (সাবেক ভার প্রাপ্ত অধ্যক্ষ),সহকারী অধ্যপক সহকারী অধ্যপক সাইদুর রহমান।বিকাল ৪ টার সময় উপজেলা সাহিত্য পরিষদ আয়োজিত কবিতা পাঠ ও আলমডাঙ্গা কলাকেন্দ্রের আয়োজনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরন করা হয়।এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার,সহকারি কমিশনার ভুমি আশিষ কুমার বসু প্রমুখ।

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত

মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় পালিত হচ্ছে মহান স্বাধীনতা দিবস।

প্রত্যুষে মেহেরপুর সার্কিট হাউজ প্রাঙ্গণে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়।

এরপর সূর্যোদয়ের সাথে সাথে শহরের কলেজ মোড়ে অবস্থিত শহীদ স্মৃতিসৌধে জেলা প্রশাসক সিফাত মেহনাজ পুষ্পস্তবক অর্পণ করেন।

পরে পুলিশ সুপার মাকসুদা আখতার খানম পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর একে একে জেলার মুক্তিযোদ্ধা, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মী, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক

সংগঠনগুলোর প্রতিনিধি, বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষার্থীসহ নানা শ্রেণি-পেশার মানুষ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়।

সকাল ৯টায় স্টেডিয়াম মাঠে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। এছাড়া দিনের বিভিন্ন সময়ে আলোচনা সভা, উন্নতমানের খাবার পরিবেশন, প্রামাণ্যচিত্র প্রদর্শনের আয়োজন করা হয়েছে।

অন্যদিকে, গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগেও যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস পালিত হয়। প্রত্যুষে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে কর্মসূচির সূচনা হয়।

পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহার নেতৃত্বে উপজেলা

শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর পুলিশ বিভাগ, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড, গাংনী উপজেলা প্রেসক্লাবসহ বিভিন্ন দফতরের উদ্যোগে পৃথকভাবে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এছাড়া মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগেও যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা দিবস উদযাপিত হচ্ছে। মুজিবনগরে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়।

পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডলের নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর পুলিশ বিভাগের পক্ষ থেকে ওসি মিজানুর রহমানের নেতৃত্বেও পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এছাড়া মুক্তিযোদ্ধা সংসদ, বিভিন্ন সরকারি দফতর, স্কুল-কলেজের শিক্ষক-শিক্ষার্থী, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ শহীদ স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন।

দর্শনায় যথাযোগ্য মর্যাদায় শোক দিবস পালিত

দর্শনায় যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে।

সোমবার সকাল ৯ টায় দর্শনার কেরুজ বাজার মাঠে দর্শনা পৌরসভার সকল শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক দলসহ সর্বস্তরের জনগণ মাঠে আসে দলে দলে র্যালি নিয়ে মাঠে আসে। এর পর জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিত এবং কালো পতাকা উত্তোলন করা হয়।

বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন চুয়াডাঙ্গা ২আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর, দর্শনা পৌরসভার মেয়র মোঃ মতিয়ার রহমান। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মোঃ মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক

মোঃ আলী মুনছুর বাবু, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা মুক্তিযোদ্ধা কমান্ডার রুস্তাম আলী, দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচ এম লুৎফুল কবীর, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগে সভাপতি আরিফ ইসলাম, দর্শনা পৌর ছত্রলীগের সভাপতি ববি, দর্শনা সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি পারভেজ ও সাধারণ সম্পাদক তোফাজ্জের হোসেন তপু, এমপির পিএস শওকত আলী সুমন।

পরে দর্শনা অডিটোরিয়াম বঙ্গবন্ধু আন্তর্জাতিক ও মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শণী অনুষ্ঠিত হয়।

অপরদিক কেরু এ্যান্ড কোম্পানী চিনিকলের আয়োজনে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম সাহাদাত বার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালন করেছে কেরু এ্যান্ড কোম্পানী। সকালে স্থানীয় কেরুজ ক্লাব মাঠে প্রথমে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা সভা, পুরস্কার বিতরন ও শেষে বিশেষ দোয়া সম্পন্ন করা হয়।

চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মোশারফ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এ সময় বীর মুক্তিযোদ্ধা ও তাদের সন্তানগন, জি এম (কারখান) সুমন কুমার সাহা,জি এম (প্রশাসন) শেখ শাহাব উদ্দিন, জি এম (ডিস্টালারি) ফিদা হাসান বাদশা,জি এম (কৃষি) কেরুজ শ্রমিক ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ,সহ সভাপতি মোস্তাফিজুর রহমান সহ সম্পাদক খবির উদ্দিন সহ মিলের অন্যান্য বিভাগীয় কর্মকর্তা কর্মচারি শ্রমিক ও স্কুলের শিক্ষক ছাত্র ছাত্রীগন উপস্থিত ছিলেন।